

প্রচ্ছদ » App Home Page

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে 'মার্কেটিং সামুরাই' প্রতিযোগিতা

অর্থসূচক ডেস্ক । ২৬ অক্টোবর, ২০১৭ ৫:৫৩ অপরাহ্ন

Print

তরুণ উদ্যোক্তাদের উৎসাহিত করতে ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে অনুষ্ঠিত হয় মার্কেটিং সামুরাই প্রতিযোগিতা। বাংলাদেশের জাতীয় পর্যায়ে মার্কেটিং প্রতিযোগিতাগুলোর মধ্যে এটি অন্যতম। গতকাল বুধবার এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে।

এতে চ্যাম্পিয়ন ও ১ম রানার আপ সহ দুইটিতেই জয়লাভ করে আইবিএ ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিম 'রিকগনাইজ' এবং 'হ্যাশট্যাগ' এবং ২য় রানার আপ হয় নর্থসাইথ বিশ্ববিদ্যালয়ের টিম 'ফ্লিন স্টেট'।



ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির বিজনেস ক্লাবের উদ্যোগে ইউনিভার্সিটির নিজস্ব অভিটোরিয়ামে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. এম রিজওয়ান খান। এতে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন আকিজ ফুড এন্ড বেভারাজ লিমিটেডের মার্কেটিং প্রধান হিন্দল রায়, গ্রামীনফোনের মার্কেটিং ডিরেক্টর সুলাইমান আলম, ঢাকা ব্যাংক লিমিটেডের এফভিপি এবং কমিউনিকেশনস ও ব্র্যান্ডিং বিভাগের প্রধান খন্দকার আনোয়ার এহতেশাম, জেসিআই ঢাকা উত্তরের লোকাল প্রেসিডেন্ট দেলোয়ার হোসেন, ডিরেক্টরেট অব স্টুডেন্ট এ্যাক্টিভিসিসের পরিচালক মো. মঞ্জুরুল হক খান।

'মার্কেটিং সামুরাই' প্রতিযোগিতায় দেশসেরা ২৫ টি পাবলিক ও প্রাইভেট বিশ্ববিদ্যালয়ের ৬০টি টিম অংশগ্রহণ করে। ৩ টি রাউন্ডের মাধ্যমে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। বিজয়ী ৩ টি দলকে যথাক্রমে ১ লাখ টাকা, ৭০ হাজার টাকা এবং ৫০ হাজার টাকার চেক ও ফ্রেস্ট প্রদান করা হয়।

এই প্রতিযোগিতায় অংশগ্রহণকারী টিম নিজেদের বিভিন্ন পণ্যের মার্কেটিং ও সেবা প্রদানের কৌশল প্রদর্শন করেন। অনুষ্ঠানের টাইটেল স্পন্সর ছিল স্পীড হেব্বি এনার্জি এবং প্রাইজ মানি স্পন্সর ছিল ঢাকা ব্যাংক লিমিটেড।

অর্থসূচক/বিজ্ঞপ্তি/জেডআর

Print

সম্পর্কিত

সর্বশেষ

পঠিত

আলোচিত

0 Comments

Sort by Oldest



Add a comment...

Facebook Comments Plugin

www.rightchoicebd.com

Online Shop
Now you can purchase any time from anywhere...

ঘরে বসে অর্ডার করুন
আপনার প্রিজবনের পছন্দে
মুঠো পণ্য

Order Now
01796333777
01796333666

Right Choice Bd.com
105/A (3rd floor) Kakead, Dhaka-1000 Ph: +88 02 8000376 Fax: +88 02 8300275

এই বিভাগের আরো সংবাদ

রোহিঙ্গা নিতে কাজ করছে মিয়ানমার :
স্বরাষ্ট্রমন্ত্রীসেন্ট্রাল ইন্স্যুরেন্সের তৃতীয় প্রান্তিক প্রকাশ
পিপলস ইন্স্যুরেন্সের তৃতীয় প্রান্তিক প্রকাশ

ফরচুন সুর ১২% লভ্যাংশ ঘোষণা

উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের রজতজয়ন্তী
উদযাপন

এএফসি এগ্রোর ২০% লভ্যাংশ ঘোষণা

অ্যাঙ্কিভ ফাইনের ২৫% লভ্যাংশ ঘোষণা

আজিজ পাইপসের লভ্যাংশ ঘোষণা

ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে
'মার্কেটিং সামুরাই' প্রতিযোগিতা

Site Info
arthosuchak.com
Rank: 28,825
Links in: 641
Powered by Alexa